



খুলনা বিশ্ববিদ্যালয়
খুলনা
রেজিস্ট্রারের কার্যালয়
(সংস্থাপন শাখা-০২, ০৩ ও ০৪)

স্মারক নং খুবি/প্রশা-৯৬/৯১-৩৮০
স্মারক নং- খুবি/প্রশা-৫নি-১৮/৯১-
স্মারক নং: খুবি/প্রশা-৫-নি-১৯/৯১-

তারিখ: ০৬-০৪-২০২৬ খ্রি.

নিয়োগ বিজ্ঞপ্তি

খুলনা বিশ্ববিদ্যালয়ের বিধি মোতাবেক প্রদেয় বেতন ও অন্যান্য আর্থিক সুবিধাসহ বিশ্ববিদ্যালয়ের নিম্নে বর্ণিত শিক্ষক, কর্মকর্তা এবং কর্মচারীর শূন্য পদসমূহ পূরণের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহবান করা যাচ্ছে:

ক্রমিক নং	পদের নাম ও গ্রেড	ডিসিপ্রিন	শূন্য পদের সংখ্যা
১.	প্রভাষক (গ্রেড-০৯)	স্থাপত্য	০১ (এক) টি
		হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট	০১ (এক) টি
		ইতিহাস ও সভ্যতা	০১ (এক) টি
		ভাষ্কর্য	০১ (এক) টি
		প্রিন্ট মেকিং	০১ (এক) টি
		ফার্মেসী	০১ (এক) টি
		অর্থনীতি	৪ (চার) টি
		এগ্রোটেকনোলজি	০২ (দুই) টি
		পদার্থ বিজ্ঞান	০১ (এক) টি
২.	উপ-পরিচালক (জনসংযোগ ও প্রকাশনা) (গ্রেড ০৫)		০১ (এক) টি
৩.	উপ-পরিচালক (অ. হি.) (গ্রেড ০৫)		০১ (এক) টি
৪.	উপ-রেজিস্ট্রার (গ্রেড ০৫)		০১ (এক) টি
৫.	সহকারী পরিচালক (অডিট) (গ্রেড-০৭)		০১ (এক) টি
৬.	ডাক্তারসম্মান (গ্রেড-১১)		০১ (এক) টি
৭.	পার্সোনাল এ্যাসিস্ট্যান্ট কাম-কম্পিউটার অপারেটর (গ্রেড-১৩)		০৩ (তিন) টি
৮.	হিসাব সহকারী (গ্রেড-১৩)		০৪ (চার) টি
৯.	ড্রাইভার (হেভী/মিডিয়াম) (গ্রেড-১৫)		০২ (দুই) টি
১০.	পাম্প ড্রাইভার (গ্রেড-১৭)		০১ (এক) টি
১১.	মালী (গ্রেড-২০)		০১ (এক) টি

নিয়মাবলী :

- আবেদন অনলাইন (Online) এ করতে হবে এবং অনলাইনে পূরণকৃত আবেদনপত্র ডাউনলোড করত: প্রয়োজনীয় (৪নং শর্তে চাহিত) কাগজপত্রাদিসহ ক্রমিক নং ১ থেকে ৫ পর্যন্ত ১০ (দশ) সেট এবং ক্রমিক নং ৬ থেকে ১১ পর্যন্ত ০৩ (তিন) সেট আবেদনপত্র নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ করতে হবে। উল্লেখ্য, ক্রমিক নং ১ থেকে ৫ পর্যন্ত ৬০০/- (ছয়শত) টাকা, ক্রমিক নং ০৬ এর জন্য ৩০০/- (তিনশত), ক্রমিক নং ৭ থেকে ৯ পর্যন্ত ২০০/- (দুইশত) এবং ক্রমিক নং ১০ থেকে ১১ পর্যন্ত ১০০/- (একশত) টাকা অনলাইন (Online) এ পেমেন্ট করে যে কোন এক সেট আবেদনপত্রের সঙ্গে জমাকৃত স্লিপ সংযুক্ত করতে হবে। অনলাইন (Online) এ আবেদন ফরম, পেমেন্ট, নিয়োগ বিজ্ঞপ্তি এবং আবেদনের নিয়মাবলী খুলনা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (<http://www.ku.ac.bd/career>) পাওয়া যাবে।
- খামের উপর অবশ্যই পদের নাম উল্লেখ করতে হবে এবং আবেদনপত্র কোন অবস্থাতেই ভাঁজ করা যাবে না।
- চাকরিরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে এবং বর্তমানে কর্মরত প্রতিষ্ঠানের অনাপত্তিপত্র সংযুক্ত করতে হবে।
- প্রতি সেট আবেদনপত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্রাদি অবশ্যই দাখিল করতে হবে:
 - সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সনদের সত্যায়িত কপি
 - সকল মার্কসিট/ ট্রান্সক্রিপ্টের সত্যায়িত কপি (শুধুমাত্র প্রভাষক পদের জন্য)
 - জাতীয় পরিচয়পত্র/নাগরিক সনদপত্রের সত্যায়িত কপি
 - সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি (প্রতি সেটে একটি)
- প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে। দ্বৈত নাগরিকত্ব গ্রহণযোগ্য নয়। বিদেশে স্থায়ীভাবে বসবাসরত/ বসবাসের অনুমতিপ্রাপ্ত ব্যক্তিও আবেদনের জন্য বিবেচিত হবেন না।
- আবেদনপত্র আগামী ০৮-০৪-২০২৬ থেকে ২৬-০৪-২০২৬ খ্রিস্টাব্দ তারিখ পর্যন্ত অফিস সময়ের মধ্যে (বিকাল ৪:০০ টার মধ্যে) ডাকযোগে/সরাসরি নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে অবশ্যই পৌছাতে হবে। অন্যথায় তাঁর আবেদনপত্র গ্রহণ করা হবে না।
- কোনো চাকরিপ্রার্থী খুলনা বিশ্ববিদ্যালয় / অন্যান্য যে কোনো বিশ্ববিদ্যালয় থেকে যে কোনো মেয়াদে শাস্তিপ্রাপ্ত/অর্থ দস্তে দস্তিত হলে খুলনা বিশ্ববিদ্যালয়ে শিক্ষক/কর্মকর্তা/কর্মচারী পদে নিয়োগের জন্য যোগ্য বলে বিবেচিত হবে না। তবে কেউ যদি শাস্তির বিষয়টি গোপন রেখে চাকরিতে যোগদান করেন এবং পরবর্তীতে প্রাপ্ত শাস্তির বিষয়টি প্রকাশিত হলে তাকে তাৎক্ষণিকভাবে বিশ্ববিদ্যালয়ের চাকরি থেকে অব্যাহতি প্রদান করা হবে। খুলনা বিশ্ববিদ্যালয়ের চাকরির আবেদন ফরমে প্রার্থীদের কোনো ধরণের শাস্তিপ্রাপ্ত কিনা তা একটি কলামে সংযোজন এবং নিয়োগ বিজ্ঞপ্তিতে বিষয়টির উল্লেখ থাকতে হবে।
- লিখিত/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টি.এ/ ডি.এ. প্রদান করা হবে না।
- উপরোক্ত পদসমূহে নিয়োগের ক্ষেত্রে অধিকতর যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন অভ্যন্তরীণ প্রার্থীদের অগ্রাধিকার দেয়া যেতে পারে।
- নিয়োগ সংক্রান্ত সকল সিদ্ধান্ত কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

স্বা:-

রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)

E-mail: registrar@ku.ac.bd